দৈনিক ইনকিলাব

তারিখ ... MAR. 4. 1999 ...
পৃষ্ঠা: ১ ... কলাম ১ ......

37

# মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে আহূত ৮ মার্চের জাতীয় সমাবেশ সফল করার আহবান

ইনকিলাব রিপোর্ট ঃ মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র চলছে। বিভিন্ন ব্যক্তি ও সংগঠন এ ষড়যন্ত্রের নিন্দা ও প্রতিবাদ জানিয়ে আসছে। বিভিন্ন স্থানে সভা-সমাবেশ ও মিছিল হয়েছে। আগামী ৮ মার্চ ঢাকায় মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে দেশের বিশিষ্ট ওলামায়ে কেরাম এক জাতীয় সমাবেশ আহবান করেছেন। বিভিন্ন ব্যক্তি, বুদ্ধিজীবী ও সংগঠন এ জাতীয় সমাবেশ মফল করার আহবান জানিয়েছেন।

মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে ৮ মার্চ ঢাকায় দেশবরেণ্য ওলামা মাশায়েখদের আহূত জাতীয় সমাবেশ সফল করার আহবান জানিয়ে ২১ জন বিশিষ্ট আলেম এক যুক্ত বিবৃতি দিয়েছেন। বিবৃতিতে বলা হয়, দীর্ঘদিন যাবত মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্র চলছে। ইদানীং ইসলামবিরোধী শক্তিগুলো ঐক্যবদ্ধ হয়ে সাঁড়াশী আক্রমণ শুরু করেছে। এরা বিভিন্নভবে মাদ্রাসা শিক্ষা ও ওলামা-মাশায়েখদের বিরুদ্ধে মিথ্যা কুৎসা রটনাসহ অমূলক অপবাদ দিয়ে বেড়াচ্ছে। কতিপয় ধর্মবিরোধী এনজিও এদেরকে প্ররোচনা যোগাচ্ছে। এরা সরকারের ওপরও প্রভাব বিস্তার করতে সক্ষম হয়েছে। এরা কল্পিত অবৈধ অস্ত্র সংগ্রহ ও অস্ত্র প্রশিক্ষণের ধুয়া তুলে মাঠ-ময়দান গরম করে তুলছে। সরকার এদের কথায় বিভ্রান্ত হয়ে বিভিন্ন মাদ্রাসায় পুলিশী হানা-তল্লাশির মাধ্যমে সারা দেশের মাদ্রাসাগুলোর প্রতি ভীতি সৃষ্টি করেছে এবং কিছুসংখ্যক আলেম-ওলামা ও মাদ্রাসা ছাত্রদের গ্রেফতার করে রিমান্ডে পর রিমান্ডে নিয়ে অমানুসিক নির্যাতন চালিয়ে কারাগারে নিক্ষেপ করেছে। আরো অসংখ্য মাদ্রাসায় পুলিশী আনাগোনা লক্ষ্য করা যাচ্ছে।

এমনকি বিদেশী মেহমান আফ্রিকার নাগরিক মাওলানা আহমাদ সাদেক, যিনি একজন প্রখ্যাত আলেমে দ্বীন ও বিত্তবান। তিনি নিজ অর্থে নিরক্ষরতা দূরীকরণের নিমিত্তে বাংলাদেশে পাঁচশত কুরআনিয়া মকতব কায়েম করেছেন। তাঁকেও ইসলামী শিক্ষাদানে নিবেদিতপ্রাণ তার সাথীদেরকে বিনা দোষে গ্রেফতার করে জেলখানায় আটক করে রেখেছে।

বিবৃতিতে এসব জুলুম-নির্যাতনের প্রতিবাদে দেশবরেণ্য ওলামা মাশায়েখ কর্তৃক ঢাকায় আহূত ৮ মার্চের জাতীয় সমাবেশ সফল করার জন্য ছাত্র, শিক্ষক, ইমাম, ব্যবসায়ীসহ ইসলামপ্রিয় দেশপ্রেমিক, সকল ধরনের পেশাজীবী জনতার খিদমতে আহবান জানানো হয়েছে।

বিবৃতিদাতারা বলেন, এলাকা হতে মিছিলসহকারে ৮ মার্চের সমাবেশে যোগদান করুন। বজ্রকণ্ঠে আওয়াজ তুলুন- শতকরা নব্বইভাগ ইসলামী জনতা অধ্যুষিত দেশে ইসলামের বিরুদ্ধে কোন প্রকার ষড়যন্ত্র বরদাস্ত করা হবে না। ষড়যন্ত্রকারীদের যথোপযুক্ত শাস্তিদানের নিমিত্ত আইনগত ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

বিবৃতিতে স্বাক্ষরকারীরা হচ্ছেন, মাওলানা লুৎফর রহমান- (শিক্ষক, মাদরাসা ফয়জুল উলুম, আজিমপুর, ঢাকা), মাওলানা শহিদুল হক- (শিক্ষক, মাদরাসা ফয়জুল উলুম, আজিমপুর, ঢাকা), মাওলানা আব্দুল মান্নান- (শিক্ষক, মাদরাসা ফয়জুল উলুম, আজিমপুর, ঢাকা), মাওলানা মুহাঃ জাহিদুল করিম- (শিক্ষক, মাদরাসা ফয়জুল উলুম, আজিমপুর, ঢাকা), মাওলানা খাইরুল্লাহ- (শিক্ষক, কাওরান বাজার আম্বরশাহ মাদ্রাসা, ঢাকা), মাওলানা মুজীবুল হক- (শিক্ষক, কাওরান বাজার আম্বরশাহ মাদ্রাসা, ঢাকা), মাওলানা আব্দুল্লাহ- (শিক্ষক, কাওরান বাজার আম্বরশাহ মাদ্রাসা, ঢাকা), মাওলানা মুহাম্মদ সালমান- (প্রিন্সিপাল, মাদ্রাসা দারুর রাশাদ, ঢাকা), মাওলানা মুহাম্মদ আলী আসগর- (প্রিন্সিপাল, জামেউল উলুম মাদ্রাসা, ঢাকা), মাওলানা জিয়াউল হক- (শিক্ষক, দারুল উলুম মাদ্রাসা, মিরপুর-১৩, ঢাকা), মাওলানা আবুল হাসান- (শিক্ষক, জামিআ রাহমানিয়া, মোঃপুর, ঢাকা), মাওলানা মুহাম্মদ যাইনুল আবিদীন- (উস্তাদ, জামিয়া ইসলামিয়া, ইসলামবাগ, ঢাকা), মাওলানা শরীফ মুহাম্মদ (শিক্ষক, দারুল উলুম, মতিঝিল, ঢাকা), মাওলানা আঃ কাইউম- (প্রিন্সিপাল, জামেয়া উসমানিয়া, টঙ্গী), মাওলানা মুহাম্মদ তৈয়্যিব- (শিক্ষক জামেয়া উসমানিয়া, টঙ্গী), মাওলানা আঃ হান্নান- (শিক্ষক, সাতাইশ দারুল উলুম), মাওলানা আঃ বাসেত- (মোহতামেম, জামিয়া মাদানিয়া, হবিগঞ্জ) প্রমুখ ওলামায়ে কেরাম।

## ফটিকছড়িতে ইসলামী সম্মেলন

চট্টগ্রাম ব্যুরো জানায়,

ফটিকছড়িস্থ নানুপুর জামেয়া ওবাইদিয়ার দু'দিনব্যাপী বার্ষিক ইসলামী সম্মেলনে আলেম ওলামা ও দ্বীনদার বুদ্ধিজীবীগণ বলেন, কেবল নৈতিকতা বিবর্জিত ব্যক্তিরাই মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র করতে পারে। এ ধরনের ষড়যন্ত্র যে কোন মূল্যে প্রতিহত করা হবে। গত রবিবার প্রখ্যাত হাদীস বিশারদ আল্লামা এয়ার মোহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন শায়খুল হাদীস আল্লামা মোহাম্মদ ইসহাক গাজী, আল্লামা হারুন ইসলামাবাদী, মুফতি আবদুর রহমান, আল্লামা সুলতান যওক নদভী, আল্লামা জমির উদ্দিন, হাফেজ মোহাম্মদ আনোয়ার, বিশিষ্ট আইনজ্ঞ সাঈদ আহমদ, মাওলানা আবদুস সালাম, মাওলানা আবদুল বারী, মাওলানা জুনায়েদ, মাওলানা শেখ আহমদ, মুফতি আবু সাঈদ, মাওলানা এমদাদ উল্লাহ ও মাওলানা মাহমুদুল হক আনসারী।

বক্তাগণ বলেন, নৈতিকতা বিবর্জিত শিক্ষার প্রভাবে দেশের কলেজ-বিশ্ববিদ্যালয়গুলো এখন খুন, রাহাজানি, ধর্ষণ ও সন্ত্রাসের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। আর সরকার তার পেছনে কোটি কোটি টাকা ব্যয় করছে। অন্যদিকে কোরআন হাদীসের আলোকে মাদ্রাসা শিক্ষায় দ্বীন ইসলামের পাশাপাশি সমাজের শান্তি-শৃংখলা বিনির্মাণে ভূমিকা পালন করছে। কিন্তু এই শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্র চলছে। মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্রকারীদের প্রতি বক্তাগণ হুঁশিয়ারী উচ্চারণ করেন। সম্মেলনে দেশ ও জাতির শান্তি ও মুসলিম উম্মাহর কল্যাণ কামনায় বিশেষ মুনাজাত করা হয়।

## ইসলামী কাফেলা

ইসলামী কাফেলা বাংলাদেশের কেন্দ্রীয় কার্যালয়ে ইসলামী শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে গত (মঙ্গলবার) এক জরুরী সভা প্রখ্যাত মোহাদ্দেস মাওলানা রফিক আহমদ মহল্লীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে প্রদান অতিথি ছিলেন ইসলামী কাফেলা বাংলাদেশের আহবায়ক জিয়ারতে হারামাইন পরিষদের চেয়ারম্যান আলহাজ মাওলানা মজিবুর রহমান যুক্তিবাদী। বক্তব্য রাখেন মাওলানা বাইজিদ হোসাইন, জনাব সিরাজুল ইসলাম বিপ্লবী, মাস্টার মোক্তার আহম্মদ মামুন, জনাব আবু সাঈদ প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে মাওলানা যুক্তিবাদী বলেন, বর্তমান সরকার বাংলাদেশে হরকাতুল জেহাদের তৎপরতা দমনের নামে ইসলামী শিক্ষা বন্ধের ষড়যন্ত্র চালাচ্ছে, তিনি সরকারকে হুঁশিয়ার করে দিয়ে বলেন যে, অতিতে এদেশে ইসলামী শিক্ষা বন্ধ, মাদ্রাসা, মসজিদ ও মুসলমানদের বিরুদ্ধে কোন ষড়যন্ত্র করে কেউ ক্ষমতায় থাকতে পারেনি। ধর্মনিরপেক্ষ তিলকওয়ালী সরকারও টিকতে পারবে না। মাওলানা যুক্তিবাদী বলেন, এই সরকার ক্ষমতায় থাকলে দেশ ও ইসলাম টিকবে না। তিনি সকল মসজিদের ইমাম-মোয়াজ্জিন, মাদ্রাসার প্রিন্সিপাল ও তৌহিদী জনতাকে এই জালেম সরকারের বিরুদ্ধে দুর্বার আন্দোলন গড়ে তোলার আহবান জানান। সভায় নেতৃবৃন্দ আগামী ৮ মার্চ ঢাকায় জাতীয় সমাবেশ থেকে ইসলামী শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে দেশব্যাপী হরতাল আহবান করার জন্য ইসলামী ও বিরোধীদলগুলোর প্রতি জোর দাবী জানিয়েছেন।